

সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

MRT Line -2

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে চট্টগ্রাম রোড পর্যন্ত আন্ডারগ্রাউন্ড ও এলিভেটেড সমন্বয়ে প্রায় ২৪ কিলোমিটার দীর্ঘ PPP পদ্ধতিতে G2G ভিত্তিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে ১৫ জুন ২০১৭ তারিখ জাপান ও বাংলাদেশ সরকার সহযোগিতা স্মারক স্বাক্ষর করে। এরই ধারাবাহিকতায় ৬ ডিসেম্বর ২০১৭ তারিখ জাপান ও বাংলাদেশের অংশগ্রহণে প্রথম প্ল্যাটফরম সভা, ৭ জুন ২০১৮ তারিখ ২য় প্ল্যাটফরম সভা এবং ২১ মার্চ ২০১৯ তারিখ তৃতীয় প্ল্যাটফরম সভা অনুষ্ঠিত হয়েছে। PPP পদ্ধতিতে G2G ভিত্তিতে MRT Line-2 বাস্তবায়নে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি গত ৮ নভেম্বর ২০১৮ তারিখ নীতিগত অনুমোদন প্রদান করেছে। PPP পদ্ধতিতে G2G ভিত্তিতে MRT Line-2 বাস্তবায়নের নিমিত্ত Basic and Preliminary Study করার জন্য অর্থায়ন করতে Sub-Working Group (SWG) এর Lead Member হিসেবে দায়িত্বপ্রাপ্ত জাপানের Marubeni Corporation ইতোমধ্যে Ministry of Land, Infrastructure, Transport and Tourism (MLIT), Japan বরাবর প্রস্তাব দাখিল করেছে।

MRT MRT-2 এর সম্ভাব্য রুট এলাইনমেন্ট হল: গাবতলী - Embankment Road - বসিলা - মোহাম্মদপুর বিআরটিসি বাস স্ট্যান্ড - সাত মসজিদ রোড-বিগাতলা - খানমন্ডি ২ নম্বর রোড - সাইপ ল্যাবরেটরি - নিউ মার্কেট - নীলক্ষেত - আজিমপুর - পলাশী - শহীদ মিনার - ঢাকা মেডিকেল কলেজ - পুলিশ হেডকোয়ার্টার - গোলাপ শাহ মাজার - বঙ্গ ভবনের উত্তর পার্শ্ব সড়ক - মতিঝিল - আরামবাগ - কমলাপুর - মুগদা - মান্ডা - ডেমড়া - চট্টগ্রাম রোড।